



স্মারক নং: ২৫.৫৭.৩৩.০০.০০২.০৫.০২০.২৫ - ৪১৭

তারিখঃ ০১ আশ্বিন ১৪৩২  
২৪ সেপ্টেম্বর ২০২৫


অফিস আদেশ

ভবনের নকশা অনুমোদনের জন্য নকশায় একজন বিশেষজ্ঞ স্থপতি এবং একজন বিশেষজ্ঞ পুর-প্রকৌশলীর (civil engineer)'র দায়িত্ব সহকারে স্বাক্ষর থাকা অপরিহার্য; যা অথরাইজড অফিসারগণ প্রতীপালন (verify) করবেন। বর্তমানে ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউশন অব বাংলাদেশ (IEB) এবং বাংলাদেশ স্থাপত্য ইন্সটিটিউট (IAB) এর রেজিস্টার্ড প্রকৌশলী ও স্থপতিগণ স্বাক্ষর করে থাকেন। এই ক্ষেত্রে অনেক সময় ভবনের পরিকল্পনা প্রণয়নের সঙ্গে যুক্ত না থেকেও অনেকে স্বাক্ষর করেন। এই অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ স্বয়ং বিশেষজ্ঞ স্থপতি এবং বিশেষজ্ঞ পুর-প্রকৌশলীগণকে তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

ক্রমিক নং	নাম ও পদবি	কমিটির পদবি
০১.	জনাব মোঃ মুমিতুর রহমান সদস্য (পরিকল্পনা), গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।	আস্থায়ক
০২.	জনাব রিপন কুমার রায় প্রধান প্রকৌশলী, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।	সদস্য
০৩.	মিঃ জামাতুন নাঈমা অথরাইজড অফিসার-২, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।	সদস্য-সচিব

কমিটির কর্মপরিধি:

- স্থপতি/ পুর-প্রকৌশলী তালিকাভুক্তির জন্য শর্ত ও নিয়মাবলি প্রণয়ন।
- নিয়মাবলি চেয়ারম্যান, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ-এর অনুমোদন-অন্তে উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে তালিকাভুক্তির আহ্বান।
- অন্তর্ভুক্তির জন্য ফি'র প্রস্তাবকরণ।
- উপরিউক্ত 'ক' এর সঙ্গে নবায়নের শর্ত প্রণয়ন এবং নবায়নের জন্য ফি'র প্রস্তাবকরণ।
- নির্ধারিত ভবনের কাজ তদারকির জন্য অনুরূপভাবে স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার অন্তর্ভুক্তির বিষয় বিবেচনা।
- আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে উপরিউক্ত অন্তর্ভুক্তির নিমিত্ত উন্মুক্ত বিজ্ঞপ্তি আহ্বান।

  
( দেওয়ান মাহিমুল হক )  
সদস্য (প্রশাসন ও অর্থ)  
এবং  
সচিব (অতিরিক্ত দায়িত্ব)  
গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।  
ফোনঃ +৮৮০২২২৪৪২৩৫৩২

অনুলিপি: সদয় অবগতি জন্য।

- ১। চেয়ারম্যান, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।
- ২। সদস্য (পরিকল্পনা), গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।
- ৩। প্রধান প্রকৌশলী, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।
- ৪। অথরাইজড অফিসার-২, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।
- ৫। অফিস কপি/ ওয়েব সাইট/ নোটিশ বোর্ড।